



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ০২৮

চাকরির সীমাবদ্ধতা আছে, ফিল্মিং এর কোনো সীমাবদ্ধতা নেই

--পররাষ্ট্র প্রতিনিধী

রাজশাহী; ৩০ শ্রাবণ (১৪ আগস্ট):

তরুণদের ফিল্মিং এ এগিয়ে আসার আহ্বান জানিয়ে পররাষ্ট্র প্রতিনিধী শাহরিয়ার আলম, এমপি বলেছেন, চাকরির ক্ষেত্রে কিছু সীমাবদ্ধতা আছে, কিন্তু ফিল্মিং এর কোনো সীমাবদ্ধতা নেই। তিনি তরুণ প্রজন্মকে শুধু চাকরির পেছনে না ছুটে দক্ষ হয়ে বিশ্বমানের জীবনমান গড়ে তোলার পরামর্শ দেন।

আজ সোমবার (১৪ আগস্ট) বেলা সাড়ে এগারোটায় পররাষ্ট্র প্রতিনিধী তাঁর নির্বাচনি এলাকা রাজশাহীর বাঘায় মোজাহার হোসেন মহিলা ডিগ্রী কলেজের শেখ রাসেল ডিজিটাল ল্যাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবক ও যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্তে ১৫ দিনব্যাপী ফিল্মিং প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তরুণ প্রজন্মের প্রতি বিভিন্ন দিকনির্দেশনা দিয়ে এ কথা বলেন।

প্রশিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, ফিল্মিং এমন একটি বিষয় যেখানে শিক্ষাগত যোগ্যতা কোনো বিষয়ই না, দক্ষতা অর্জনই হলো গুরুত্বপূর্ণ। তাছাড়া ফিল্মিং আত্মনির্ভরশীল হিসেবে গড়ে উঠতে এবং পরনির্ভরশীলতা হ্রাসে ভূমিকা রাখে। এর ক্ষেত্র ব্যাপক।

প্রশিক্ষার্থীদের ফিল্মিং প্রশিক্ষণে কোনোরকম ফাঁকি না দেয়ার কথা মনে করিয়ে দিয়ে তিনি প্রশিক্ষণের মাধ্যমে কেউ একজন দক্ষ প্রোগ্রামার, ফিল্মম্যান হয়ে উঠবে এবং ভবিষ্যতে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তুলতে ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে ডিজিটাল বাংলাদেশের রূপকার সজীব ওয়াজেদ জয়কে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, তাঁর নেতৃত্বে বাংলাদেশ আজ ডিজিটাল দেশে পরিণত হয়েছে। অনেক কঠিন কাজ সহজ হয়েছে। বঙ্গবন্ধু হাইটেক পার্ক, রাসেল ডিজিটাল ল্যাব, অনলাইনে টিকেট ক্রয়, মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে বিভিন্ন ভাতা, অনলাইনে বিভিন্ন পরীক্ষার রেজাল্টসহ অনেক কাজই মানুষ এখন খুব সহজেই সম্পন্ন করতে পারছে।

তিনি বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নের কথা উল্লেখ করে বলেন, সরকারের সফলতা বিচার করতে হলে সরকারের দৃশ্যমান উন্নয়নগুলো যাচাই করতে হবে। অযথা গুজবে কান দেয়া যাবে না।

বাঘা উপজেলা নির্বাহী অফিসার শারমিন আখতারের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা দেন মোজাহার হোসেন মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ মো: নছিম উদ্দিন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আসরাফুল ইসলাম বাবু, সহকারী প্রোগ্রামার এসএমজি আজম প্রমুখ।

পরে দুপুরে চারঘাট মহিলা ডিগ্রী কলেজে শেখ রাসেল ডিজিটাল ল্যাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবক ও যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্তে ১৫ দিনব্যাপী ফিল্মিং প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন।

উল্লেখ্য যে, চারঘাট এবং বাঘা উপজেলায় ফিল্মিং প্রশিক্ষণের জন্য প্রথম পর্যায়ে বাছাইকৃত ২৫ জন করে দুইটি উপজেলায় মোট ৫০ জন প্রশিক্ষার্থী প্রশিক্ষণ গ্রহণ করছেন, তবে পর্যায়ক্রমে এর সংখ্যা আরও বাড়বে বলে জানা যায়।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৬.৩০ঘ.